Supported by

TCSRD
Tata Chemicals Society for Rural Development

Implemented by

water for people
INDIA TRUST everyone | forever

ঋতুচক্র



মাসিক

কীভাবে হয় এবং কেন হয়

ডিম্বাশয়

এখান থেকে বিভিন্ন শারীরিক রস (যৌন হরমোন) নিঃসৃত হয়ে বাহ্যিক যৌন পরিবর্তনগুলি ঘটায়। যেমন বুকের মাই বা স্তনের বৃদ্ধি; যৌন কেশ বেড়ে ওঠা ইত্যাদি। বয়ঃসন্ধি থেকে শুরু করে ঋতুবন্ধ পর্যন্ত যে কোনো একটা ডিম্বাশয় থেকে প্রতি মাসে একটা করে ডিম্বাণু বেড়িয়ে আসে। এই ডিম্বাণু যদি পুরুষের শরীর থেকে আসা শুক্রাণুর সাথে মিলিত হতে পারে, তখন একটা নতুন জীবন শুরু হয়।

ফ্যালোপিয়ান নালী

এই নালী দিয়ে ডিম্বাণু ডিম্বাশয় থেকে গর্ভাশয়ে এসে পৌঁছায়। এই নালীতেই গর্ভাশয়ের কাছাকাটি ডিম্বাণুটা শুক্রাণুর সাথে মিলিত হয়ে একটা বাচ্ছা হিসাবে জীবন শুরু করে।

গর্ভাশয়

এখানেই বাচ্ছার জীবন শুরু হয়। শুক্রাণুর সাথে মিলিত ডিম্বাণু গর্ভাশয়ের পিছনের দিকের দেওয়ালে আটকে যায়, পুষ্টি গ্রহণ করে এবং ন'মাসে একটা বাচ্চার রূপ নেয়।

যোনি

এটা একটা নালী পথ, যার মাধ্যমে গর্ভাশয় ও শরীরের বাইরের অংশের মধ্যে যোগাযোগ থাকে। এই পথেই পুরুষের লিঙ্গ ও বীর্যের মাধ্যমে শুক্রাণু নারীর শরীরের ভিতরে প্রবেশ করে এবং পরিণত বাচ্চা এই পথ দিয়েই বেরিয়ে আসে। তাই এটা এমনিতে ছোটো হলেও এইসব ক্ষেত্রে প্রয়োজন মত বড় হতে পারে।





ডিম্বাশয় থেকে প্রতি মাসে
একটা ডিম্বানু উৎপন্ন হয়



ডিম্বাণুটা ফ্যালোপিয়ান নালী পথে এগোতে থাকলে সেই সঙ্গে গর্ভাশয়ও ডিম্বাণুটাকে ধরে রাখার জন্য রক্তের পাতলা চাদর দিয়ে বিছানার মত একটা জায়গা তৈরি করে।

ডিম্বাণুটা শুক্রাণুর সাথে যথাসময়ে মিলিত না হলে গর্ভাশয় থেকে ডিম্বাণু এবং রক্তের পাতলা চাদরটা যোনিপথ বেয়ে ফোঁটা ফোঁটা রক্তের মত শরীরের বাইরে বেরিয়ে আসে।
একে বলে মাসিক।



water for people
INDIA TRUST everyone | forever

Water For People India Trust
26/1/1, Gariahat Road (South)
Kolkata 700 031, West Bengal
Tel. +91 33 4006 4954   +91 33 2418 7600
www.waterforpeople.org